



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2021

গভর্নর ক্যাথি হোকল

বাড়িওয়ালার সহায়তা তহবিল অনুমোদনের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"যখন আমরা মহামারী-পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারের দিকে মনোনিবেশ করছি, নিউ ইয়র্কবাসীরা যেন তাদের বাড়িতে থাকতে পারে তা নিশ্চিত করার জন্য আমাদেরকে আমাদের ক্ষমতায় যা কিছু সম্ভব তার সব করতে হবে। এখনো যারা সংগ্রাম করছে তাদের কাছে ত্রাণ পৌঁছে দেওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক একটি মডেলস্বরূপ কাজ করেছে, এবং আমি গর্বিত যে বাড়িওয়ালার সহায়তা তহবিল প্রকল্পের (Homeowner Assistance Fund program) জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারির অনুমোদন লাভ করা দেশের মধ্যে স্টেট, যা ঐসব বাড়িওয়ালার যারা ফোরক্লোজার বা উৎখাত হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন তাদের সহায়তা করতে শেষ পর্যন্ত প্রায় 539 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করবে।

এই অনুমোদনকে সামনে রেখে, আমরা নিম্ন এবং মধ্যম আয়ের, সামাজিকভাবে অনগ্রসর বাড়ির মালিকদের দ্রুত সহায়তা করার জন্য একটি প্রয়োগ পরিকল্পনা তৈরি করছি, এবং ঝুঁকি পূর্ণ বাড়িওয়ালাদের গুরুত্বপূর্ণ তথ্য জানাতে শীঘ্রই আমরা স্টেটব্যাপী একটি প্রচারণা ক্যাম্পেইন চালু করবো, যাতে তারা আবেদন প্রক্রিয়া শুরু হওয়া মাত্র আবেদন করার জন্য তৈরি থাকতে পারেন।

আমাদের দল ঋণদাতা, সেবাদাতা এবং মিউনিসিপাল কর কর্তৃপক্ষ, কো-অপারেটর এবং প্রস্তুতকৃত বাড়ির মালিকদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখেছে এবং তা চালিয়ে যাবে যাতে এই প্রকল্পের সাফল্য নিশ্চিত করা যায় এবং অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে এই তহবিল বিতরণ করা হয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)